

লাউয়ের মাছি পোকা

বৈজ্ঞানিক নামঃ *Bactrocera cucurbitae* পরিবারঃ Tephritidae বর্গঃ Diptera

মাছি পোকা লাউয়ের খুবই ক্ষতিকারক একটি পোকা, যা নিয়ন্ত্রনে সঠিক সময়ে কার্যকর ব্যবস্থা না নিলে ১০০ ভাগ পর্যন্ত ফলন নষ্ট হয়ে যেতে পারে।

ক্ষতির লক্ষণঃ

- স্ত্রী মাছি পোকা কচি ফলের নিচের দিকে অভিপজিটর ঢুকিয়ে ডিম পাড়ে।
- ফলের ডিম পাড়া স্থান হতে পানির মত তরল বেরিয়ে আসে, যা শুকিয়ে বাদামী হয়ে যায়।
- ডিম থেকে কীড়া বের হয়ে শাস খেতে শুরু করে। এতে ফল বিকৃত হয়ে যায়, পঁচে যায় এবং হলুদ হয়ে ঝড়ে পড়ে।
- বেঁচে থাকা আক্রান্ত বিকৃত ফল ঠিকমত বাড়াতে পারে না বিধায় বাজারদর কমে যায়।



ছবি : লাউয়ের মাছি পোকায় আক্রান্ত ফল

দমন ব্যবস্থাপনাঃ

- উত্তমরূপে জমি চাষ করে পুত্তলী পাখি দ্বারা খাওয়ানোর ব্যবস্থা করা।
- পোকা আক্রান্ত ফল সংগ্রহ করে ধ্বংস করা।
- কাগজ বা পলিথিন দিয়ে (ব্যাগিং করা) কচি ফল ঢেকে দেয়া।
- প্রতি ১০ শতাংশে ৩টি হারে কিউলিওর নামক সেক্স ফেরোমন ব্যবহার করে পানি ফাঁদের সাহায্যে পুরুষ পোকা দমন।
- বিষটোপ ফাঁদ ব্যবহার অর্থাৎ ১০০ গ্রাম পাকা মিষ্টিকুমড়া কুচি কুচি করে কেটে তা খেতলিয়ে ০.২৫ গ্রাম আইসোপ্রোক্যার্ব গ্রুপের সপসিন ৭৫ পাউডার অথবা কার্বাইল গ্রুপের সেভিন ৮৫ পাউডার এবং ১০০ মি:লি: পানি মিশিয়ে একটি মাটির পাত্রে খুঁটির সাহায্যে ০.৫ মিটারে উঁচুতে স্থাপন করে অন্য একটি বড় আকারের চেপ্টা মাটির পাত্র দিয়ে ঢেকে দিতে হবে, যাতে বৃষ্টির পানি বা রোদে নষ্ট না হয়।
- সেক্স ফেরোমন এবং বিষটোপ ফাঁদ ক্রমানুসারে ১২ মিটার দূরে দূরে স্থাপন করলে কার্যকরীভাবে মাছি পোকা দমন করা সম্ভব।
- আক্রমণের মাত্রা বেশি হলে আলফা সাইপারমেথ্রিন গ্রুপের যেমন সিকো আলফা ২.৫ ইসি প্রতি লিটার পানিতে ১ মিলি হারে মিশিয়ে স্প্রে করতে হবে।

আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫ | E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।